

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০০৫

মোহনপুর, ১৬ সেপ্টেম্বর, ২০২৩

অভিচরণ এডিসি ভিলেজে ভারত নির্মাণ রাজীব গান্ধী সেবা কেন্দ্রের উদ্বোধন

গ্রামীণ এলাকায় পরিকাঠামো উন্নয়নে গুরুত্ব দেওয়া হয়েছে : কৃষিমন্ত্রী

রাজ্যের সার্বিক বিকাশে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। গ্রামীণ এলাকাগুলিতে পরিকাঠামো উন্নয়নে গুরুত্ব দেওয়া হয়েছে। আজ লেফুঙ্গা ব্লকের অভিচরণ এডিসি ভিলেজে নবনির্মিত ভারত নির্মাণ রাজীব গান্ধী সেবা কেন্দ্র তথা ভিলেজ কার্যালয়ের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। এই কেন্দ্রটি নির্মাণে ব্যয় হয়েছে ২৩ লক্ষ ৬৮ হাজার ৭২ টাকা। কৃষিমন্ত্রী এদিন লেফুঙ্গা ব্লকের স্টোর গোডাউনেরও উদ্বোধন করেন। স্টোর গোডাউনটি নির্মাণে ব্যয় হয়েছে ৩৩ লক্ষ টাকা। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্পগুলির সুবিধা রাজ্যের প্রান্তিক জনপদগুলিতে পৌঁছে দেওয়া হচ্ছে। সব অংশের মানুষের কল্যাণে সরকার কাজ করছে। তিনি বলেন, অভিচরণ এডিসি ভিলেজ দীর্ঘদিন ধরে অবহেলিত ছিল। রাজ্যের বর্তমান সরকার এই ভিলেজের পরিকাঠামো উন্নয়ন ও জনগণের আর্থসামাজিক মান উন্নয়নে গুরুত্ব দিয়েছে। আগামী দিনে অভিচরণ বাজারে দ্বিতল মার্কেট স্টল নির্মাণের কাজ শুরু হবে। লেফুঙ্গা ব্লকে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নেও সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। তিনি আরও বলেন, অভিচরণ, বীরমোহন ও উত্তর দেবেন্দ্রনগর এলাকার জন্য একটি নতুন তহশিল অফিস চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিসি'র কার্যনির্বাহী সদস্য রুনিয়োল দেববর্মা, লেফুঙ্গা বিএসি'র চেয়ারম্যান রণবীর দেববর্মা, লেফুঙ্গা ব্লকের বিডিও ললিত চাকমা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। উদ্বোধনী অনুষ্ঠানের পর কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ নবনির্মিত ভারত নির্মাণ রাজীব গান্ধী সেবা কেন্দ্র পরিদর্শন করেন।
